বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫,মতিঝিল, ঢাকা-১০০০

ফোন ঃ ৪৭১২০৫১৩
মেইলঃdgmrmd@krishibank.org.bd

# ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

## (মানিলন্ডারিং প্রতিরোধ সেল)

বিষয়ঃ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে কেন্দ্রীয় পরিপালন কমিটি (**CCC** ) এর ২৯-১০-২০১৯ তারিখে অনুষ্ঠিত ২০১৯-২০২০ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

মানিলন্ডারিং প্রতিরোধ ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, গাইডলাইনস, বাংলাদেশ ব্যাংক ও কেন্দ্রীয় পরিপালন কমিটির নির্দেশনা পরিপালন/বাস্তবায়নের লক্ষ্যে **AML/CFT** সম্পর্কিত অত্র ব্যাংক কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার নিমিত্তে মহাব্যবস্থাপক (আর্ন্তজাতিক ও হিসাব মহাবিভাগ)জনাব শেখ মাহমুদ কামাল এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে ২৯-১০-২০১৯ তারিখ,মঙ্গলবার কেন্দ্রীয় পরিপালন কমিটি (**CCC**) এর ২০১৯-২০২০ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত সদস্য/নির্বাহীগণ উপস্থিত ছিলেন ।

| ক্রঃ নং | নির্বাহী/ কর্মকর্তাগনের নাম | পদবী ও কর্মস্থল | সিসিসি তে অবস্থান |
|---|---|---|---|
| ০১ | জনাব শেখ মাহমুদ কামাল | মহাব্যবস্থাপক আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ এবং ব্যাংকের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)। | সভাপতি |
| ০২ | জনাব মোঃ আকতার হোসেন | সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ও উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (**DCAMLCO**)। | সদস্য |
| ০৩ | জনাব বেলাল আহমেদ | উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। | সদস্য |
| ০৪ | জনাব গীতা রানী সাহা | উপ-মহাব্যবস্থাপক, ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৫ | জনাব মোঃ সেলিম খান | সহকারী মহাব্যবস্থাপক(বিভাগীয় দায়িত্বে), হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৬ | জনাব কে এম নুরুদ্দীন সারোয়ার | সহকারী মহাব্যবস্থাপক(বিভাগীয় দায়িত্বে), আইসিটি, সিস্টেম, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৭ | জনাব নাজমুল করিম চৌধুরী | সহকারী মহাব্যবস্থাপক, ক্রেডিট বিভাগ-১, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য |
| ০৮ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), আন্তর্জাতিক বানিজ্য বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৯ | জনাব মোঃ ফরিদ হাসান | সিনিয়র সিস্টেম এনালিষ্ট(সহকারী মহাব্যবস্থাপক), আইসিটি অপারেশন বিভাগ,প্রকা,ঢাকা। | সদস্য |
| ১০ | জান্নাত আরা ফেরদৌস | উঃ মুখ্য কর্মকর্তা, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। | সদস্য-সচিব |

সভার শুরুতে কেন্দ্রীয় পরিপালন কমিটি (**CCC**) এর সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যকলাপ ও জঙ্গী তৎপরতা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও আলোচিত বিষয় হিসাবে উল্লেখ করেন। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকগুলোর উপর **AML/CFT** বিষয়ক বিভিন্ন ধরণের নির্দেশনাসমূহ যথাসময়ে যথাযথভাবে সম্পন্ন করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

সভার শুরুতে গত ০৬-০৮-২০১৯ তারিখে অনুষ্ঠিত ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন / অগ্রগতি নিয়ে আলোচনা করা হয় এবং পরবর্তীতে সভায় এজেন্ডাভিত্তিক উপস্থাপিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

০২। **Independent Testing Procedures/ Self Assessment** কার্যাবলী মূল্যায়ন সংক্রান্ত ঃ

বাংলাদেশ ব্যাংকের বিএফআইইউ কর্তৃক জারীকৃত বিএফআইইউ সার্কুলার নং-১৯ তারিখ ১৭-০৯-২০১৭ এর নির্দেশনা অনুযায়ী স্বনির্ধারণী পদ্ধতিতে শাখার অবস্থান নির্ণয় সম্পর্কিত তথ্যের ভিত্তিতে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ শাখার মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সম্পর্কিত মূল্যায়ন প্রতিবেদন/ **Independent Testing Procedures** মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল এর পরিশিষ্ট-গ অনুযায়ী **CCC** তে প্রেরণ করে থাকে। এ বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় কর্তৃক মূল্যায়নকৃত ৩০/০৬/২০১৯ ষান্মাসিক ভিত্তিতে **Independent Testing Procedures** সংক্রান্ত প্রতিবেদন ৫৩ টি অঞ্চলের ৬১৩ টি শাখা থেকে সংগ্রহ করা হয়েছে মর্মে কমিটিকে অবহিত করা হয়েছে । ৩১/১২/২০১৯ ষান্মাসিক ভিত্তিক সকল শাখা/অঞ্চল হতে **Independent Testing Procedures** সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য সর্বোচ্চ চেষ্টা করতে হবে। (কার্যকরণঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা)।

(খ) ৩০/০৬/২০১৯ সান্মাসিক ভিত্তিতে **Self Assessment** সংক্রান্ত প্রতিবেদন ৪৮ টি মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক কার্যালয় থেকে আংশিক অর্থ্যাৎ ৮৯৯ টি শাখা থেকে সংগ্রহ করা হয়েছে মর্মে কমিটিকে অবহিত করা হয়েছে। এছাড়া যে ৫টি আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয় উক্ত প্রতিবেদন প্রেরন করে নাই তাদের মধ্যে ৩টি অঞ্চলের উক্ত প্রতিবেদন পাওয়া গেছে। যে ২টি অঞ্চল থেকে উক্ত প্রতিবেদন পাওয়া যায়নি তাদেরকে পুনরায় ফোন ও তাগিদপত্র প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে (কার্যকরণঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা)।

০৩। **AML System Check** সংক্রান্ত ঃ

পরিচালনা পর্ষদের ২৭-০২-২০১৭ তারিখে অনুষ্ঠিত ৬৮০তম পর্ষদ সভায় **BAMLCO** সহ অন্যান্যদের প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্তের প্রেক্ষিতে **CAMLCO** মহোদয়ের তত্ত্বাবধানে বিভাগীয় পর্যায়ে সিলেট,খুলনা,চট্টগ্রাম ও ময়মনসিংহ এর বিভাগীয় মহাব্যবস্থাপকদের আয়োজনে ০২-০৩-২০১৯ তারিখ পর্যন্ত ৮৮৭ জন ব্যবস্থাপক/দ্বিতীয় কর্মকর্তা (**BAMLCO**) দের মানিলন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত প্রশিক্ষন প্রদান করা হয়েছে। এছাড়া ২০১৯-২০২০ অর্থবছরে ২৪-০৮-২০১৯ তারিখে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের উপস্থিতিতে ঢাকা অঞ্চলের সকল ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তাদেরকে বিকেবি স্টাফ কলেজের তত্ত্বাবধানে **AML/CFT** সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়েছিল। বর্তমানে স্টাফ কলেজের তত্ত্বাবধানে সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তাসহ মানিলন্ডারিং এর সাথে জড়িত সকলকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করার জন্য বিকেবি স্টাফ কলেজকে ২৪-১০-২০১৯ তারিখে ৯৮৪ নং পত্র দেয়া হয়েছে। (কার্যকরণঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা, বিকেবি ষ্টাফ কলেজ ও সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপকগণ)।

০৪। **CTR/STR** প্রেরণ সংক্রান্ত ঃ

(ক) **goAML** ওয়েবসাইটে নতুন পদ্ধতিতে **Online** এ নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে **CTR/STR** বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হচ্ছে। পরিপূর্ণ তথ্য সম্বলিত **CTR** নতুন ফরমে দাখিল করার জন্য ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের ২৫-০৯-২০১৯ তারিখের ৬৪২ নং পত্রের মাধ্যমে প্রতি মাসের ৭ তারিখের মধ্যে **CTR** প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হয়েছে। কোন শাখায় **CTR/STR** যোগ্য লেনদেন থাকা সত্ত্বেও সংশ্লিষ্ট মাসে **CTR/ STR** রিপোর্ট দাখিল না করার কারণে পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক তা উদ্ঘাটন ও জরিমানা আরোপ করা হলে তার দায়-দায়িত্ব শাখা ব্যবস্থাপক/দ্বিতীয় কর্মকর্তা (**BAMLCO**)/সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীকে বহন করতে হবে। এছাড়া **STR** প্রেরণের জন্য ২৮-০১-২০১৮ তারিখের ১১৩৬(১২৫০) নং পত্রে নির্দেশনা দেয়া হয়েছে। বিষয়টি শাখা ব্যবস্থাপকগণ নিয়মিত পর্যবেক্ষণ করবেন। আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি কর্তৃক বিষয়টি মনিটরিং করতে হবে এবং অঞ্চলের কোন শাখায় **CTR** না থাকলেও নির্ধারিত সময়ের মধ্যে শূণ্য প্রতিবেদন প্রেরণ করতে হবে। অন্যথায় যে কোন সমস্যা/জরিমানার ঘটনা ঘটলে সকল দায় সংশ্লিষ্টদের উপর বর্তাবে। এছাড়া শাখাসমূহ সঠিকভাবে **CTR/ STR** বিবরনী প্রেরণ করছে কিনা তা যাচাই করার জন্য আকস্মিকভাবে গত ০৭-১০-২০১৯ তারিখে বিকেবি নন্দীপাড়া শাখা পরিদর্শন করা হয়েছে এবং প্রতি মাসে ৪টি শাখা পরিদর্শন করার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে মর্মে কমিটিতে সিদ্ধান্ত গৃহিত হয়। **CTR/ STR** সক্রান্ত সকল কর্মকান্ডে আইসিটি সিস্টেম ও অপারেশন বিভাগ কর্তৃক মানিলন্ডারিং সেল কে সার্বিক সহযোগিতা প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।(কার্যকরণঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা/মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়সমূহ/শাখা ব্যবস্থাপকগণ)।

(খ) **goAML** ওয়েবসাইটে নতুন পদ্ধতিতে **Online** এ নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে **CTR/STR** প্রেরণ করার জন্য মাঠ পর্যায় থেকে হার্ড কপি সংগ্রহ করে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক **goAML** সফট ওয়ারে পোষ্টিং দিয়ে তা বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হয়। মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক আইসিটি বিভাগকে মৌখিকভাবে নির্দেশনার প্রেক্ষিতে আইসিটি বিভাগ কর্তৃক অনলাইনভুক্ত শাখার **CTR/STR** প্রস্তুত করার নিমিত্তে শাখার সকল হিসাবসমূহের **CIF (Customer Information File)** ও হিসাব সংক্রান্ত তথ্যাদি সংযোজন ও সংশোধন করার জন্য ১৪-০৫-১৮ ও ২২-০৫-২০১৮ তারিখের পত্র নং যথাক্রমে ১২০৩ ও ১২৩১ মাঠ পর্যায়ে জারী করা হয়েছে। এ কার্যক্রমে শাখা/কার্যালয়সমূহ কর্তৃক গ্রাহকদের সকল হিসাবের তথ্যাদি হাল নাগাদ করতে হবে । এ বিষয়ে আইসিটি বিভাগ কর্তৃক অগ্রগতি পরবর্তী সভায় অবহিত করতে হবে। এছাড়া **CTR/STR** শাখা থেকে সরাসরি **goAML** ওয়েবসাইটে পোষ্টিং দিয়ে প্রধান কার্যালয়ে প্রেরনের নিমিত্ত সফটওয়্যার প্রস্তুতের অগ্রগতি কেন্দ্রীয় পরিপালন কমিটিকে অবহিতকরনের জন্য আইসিটি সিস্টেম ও অপারেশন বিভাগের সাথে যোগাযোগ করতে হবে এবং এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। (কার্যকরণঃ সকল শাখা ব্যবস্থাপক/ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ/আইসিটি সিস্টেম ও অপারেশন বিভাগ বিকেবি, প্রকা, ঢাকা)।

০৫। বিবিধ ঃ

(ক) ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ এর মাধ্যমে বিদেশ থেকে আসা কোন রেমিটেন্স প্রদানের পূর্বেই রেমিটেন্সের প্রেরক এবং গ্রাহক এর নাম জাতিসংঘ নিরাপত্তা পরিষদের বিভিন্ন তালিকার (**UNSCRs**) আওতাভুক্ত সন্দেহজনক ব্যক্তি/সত্তার নাম এবং দেশীয় সন্ত্রাসীদের তালিকা অন-লাইন শাখা সমূহ কর্তৃক ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ এর ন্যায় স্বয়ংক্রিয়ভাবে যাচাই করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট তথ্যাদি ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ কর্তৃক মানিলন্ডারিং প্রতিরোধ সেলকে অবহিত করনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। শাখাসমূহে রেমিটেন্স প্রদানের সময় শাখা কর্তৃক গ্রাহক/ রেমিটেন্স প্রদান সংক্রান্ত কোন ধরনের অসংগতি পরিলক্ষিত হলে তা প্রধান কার্যালয়ের ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ/ মানিলন্ডারিং প্রতিরোধ সেলকে অবহিত করার জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করা যেতে পারে (কার্যকরণঃ ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ)।

(খ) বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়,ঢাকা এর ১৭-০১-২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী অত্র ব্যাংকের গ্রাহকের মৌলিক তথ্যাদি কেন্দ্রিয়ভাবে সংরক্ষনের নিমিত্তে ইতোমধ্যে আইসিটি অপারেশন বিভাগ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ৩০/০৬/২০১৯ পর্যন্ত ১০৩৭টি শাখার মধ্যে ৪০২ টি অনলাইন শাখার ৭১,১২,০৪৬ জন গ্রাহকের ডাটা কেন্দ্রিয়ভাবে সংগৃহিত আছে। এছাড়া অনলাইন শাখা ব্যতীত ১১ টি অঞ্চল থেকে ৫৪ টি শাখার ৪৪২০৬ জন গ্রাহকের মৌলিক তথ্য ব্যাংকে কেন্দ্রীয়ভাবে সংরক্ষিত আছে। অত্র বিভাগের ০৯/০৪/২০১৯ তারিখের পত্র নং ২১৪০ এর মাধ্যমে সকল অফলাইন শাখাসমূহকে গ্রাহকদের মৌলিক তথ্য প্রেরনের জন্য তাগিদপত্র দেয়া হয়েছে। গ্রাহকের মৌলিক তথ্যাদি কেন্দ্রিয়ভাবে সংরক্ষনের নিমিত্তে অনলাইন শাখায় যে সব গ্রাহকের KYC পূরন হয়নি অতিশীঘ্র তাদের KYC হালনাগাদ করার জন্য এবং অনলাইন শাখাসহ ম্যানুয়েল ও অফলাইনে থাকা সকল শাখাসমুহ কর্তৃক KYC সম্পূর্নভাবে পূরণ করে UNIFORM ACCOUNT OPENING FORM এ নতুন হিসাব খুলতে হবে যাতে গ্রাহকের মৌলিক তথ্যাদি (গ্রাহকের নাম, পিতা-মাতার নাম, ঠিকানা, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, নমিনির নাম, মোবাইল নম্বর ইত্যাদি) সংরক্ষিত থাকে। এ বিষয়ে শাখা/অঞ্চলসমূহকে টেলিফোনে যোগাযোগসহ পুনরায় পত্র দিতে হবে মর্মে কমিটি কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।(কার্যকরণঃ সংশ্লিষ্ট সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক / ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ বিকেবি, প্রকা, ঢাকা)।

০৬। **CCC** কমিটির সভাপতি সকলের সক্রিয় অংশ গ্রহণে সভাটি অত্যন্ত প্রানবন্ত ও ফলপ্রসূ হয়েছে উল্লেখ করে **CCC** এর সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে এবং আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

( শেখ মাহমুদ কামাল)
মহাব্যবস্থাপক, আর্ন্তজাতিক ও হিসাব মহাবিভাগ
ও
প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (**CAMLCO**)

প্রকা/আরএমডি-৩০/সিসিসি/২০১৯-২০২০/১০৪৭ তারিখঃ ৩০-১০-২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর ( অধ্যক্ষ), স্টাফ কলেজ, বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম বিভাগ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। তাকে পত্রটি বিকেবি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৭। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

(মোঃ আকতার হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)
ও